



সিটি

অফ

লণ্ডন



হোম কানেকশনস্

## চয়েস বেসড লেটিং (পছন্দ ভিত্তিক ভাড়া দেওয়া) কি?

ব্যক্তিদের থাকবার ব্যবস্থা করে দেওয়ার 'অফার' দেওয়ার পরিবর্তে, সিটি অফ লণ্ডন হাউজিং অপশন টিম এই ওয়েবসাইটে প্রত্যেক সপ্তাহে মালিকানার বিজ্ঞাপন দেবে। আমাদের খালি বাড়ীগুলির বিষয়ে আগ্রহ থাকলে ব্যক্তির অনলাইন 'বিডিং' সিস্টেম বা অটোমেটেড (স্বয়ংক্রিয়) ফোন লাইন ব্যবহার করে রেজিস্টার করতে পারেন।

চয়েস বেসড লেটিং স্কীমগুলি (পছন্দ ভিত্তিক ভাড়া দেওয়া) অন্যান্য অনেক স্থানীয় অথরিটি বা কর্তৃপক্ষ দ্বারা সাফল্যের সঙ্গে ব্যবহৃত হচ্ছে এবং আপনাকে সাহায্য করবার জন্য ডিজাইন করা হচ্ছে যাতে আপনারা এই হাউজিং অ্যাপ্লিকেশন প্রসেস (আবাসন নিয়োগ প্রক্রিয়া)-এর সঙ্গে আরো অনেক বেশী ঘনিষ্ঠ ভাবে জড়িত হতে পারেন।

আপনি যদি কোনো একটি বিজ্ঞাপিত বাড়ীর জন্য বিবেচিত হতে চান, তাহলে আপনাকে, সিটি অফ লণ্ডন - এর হাউজিং রেজিস্টার-এর তালিকাভুক্ত হতে হবে এবং একটি হাউজিং বা আবাসন প্রদানের জন্য অনুমোদিত হতে হবে।

যদি ইংরেজী আপনার প্রথম ভাষা না হয়ে থাকে এবং আপনি যদি আমাদের চয়েস বেসড লেটিং পাতায় প্রদর্শিত তথ্যের অনুবাদ চান, তাহলে অনুগ্রহ করে হাউজিং অপশন টিমকে 020 7332 1237 / 1654 / 1804 অথবা 3934 নম্বরে ফোন করে যোগাযোগ করুন অথবা আপনার পক্ষ থেকে কোনো ব্যক্তিকে যোগাযোগ করতে বলুন।